

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩১৭৩

(কتاب تفسیر القرآن عن رسول الله ﷺ) কুরআন তাফসীর ৫০/

পরিচ্ছেদঃ সূরা মু'মিনুন

بَابُ: وَمِنْ سُورَةِ الْمُؤْمِنُونَ

আরবী

حَدَّثَنَا يَحْيَى بْنُ مُوسَى، وَعَبْدُ بْنُ حُمَيْدٍ، وَغَيْرُ، وَاحِدٍ الْمَعْنَى، وَاحِدٌ، قَالُوا حَدَّثَنَا عَبْدُ الرَّزَّاقِ، عَنْ يُونُسَ بْنِ سُلَيْمٍ، عَنِ الزُّهْرِيِّ، عَنْ عُرْوَةَ بْنِ الزُّبَيْرِ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ عَبْدِ الْقَارِيِّ، قَالَ سَمِعْتُ عُمَرَ بْنَ الْخَطَّابِ، رَضِيَ اللَّهُ عَنْهُ يَقُولُ كَانَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا نَزَلَ عَلَيْهِ الْوَحْيُ سَمِعَ عِنْدَ وَجْهِهِ كَدَوِيَ النَّحْلِ فَأَنْزَلَ عَلَيْهِ يَوْمًا فَمَكَّنَّا سَاعَةً فَسَرَّيْنَا عَنْهُ فَاسْتَقْبَلَ الْقِبْلَةَ وَرَفَعَ يَدَيْهِ وَقَالَ "اللَّهُمَّ زِدْنَا وَلَا تَنْقُصْنَا وَأَكْرِمْنَا وَلَا تُهِنَّا وَأَعْطِنَا وَلَا تَحْرِمْنَا وَآثِرْنَا وَلَا تُؤْثِرْ عَلَيْنَا وَأَرْضِنَا وَأَرْضَ عَنَّا". ثُمَّ قَالَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ "أُنْزِلَ عَلَى عَشْرِ آيَاتٍ مَنْ أَقَامَهُنَّ دَخَلَ الْجَنَّةَ". ثُمَّ قَرَأَ : (قَدْ أَفْلَحَ الْمُؤْمِنُونَ) حَتَّى خَتَمَ عَشْرَ آيَاتٍ .

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ أَبَانَ، حَدَّثَنَا عَبْدُ الرَّزَّاقِ، عَنْ يُونُسَ بْنِ سُلَيْمٍ، عَنْ يُونُسَ بْنِ يَزِيدَ، عَنِ الزُّهْرِيِّ، بِهَذَا الْإِسْنَادِ نَحْوَهُ بِمَعْنَاهُ . قَالَ أَبُو عِيسَى هَذَا أَصَحُّ مِنَ الْحَدِيثِ الْأَوَّلِ سَمِعْتُ إِسْحَاقَ بْنَ مَنْصُورٍ، يَقُولُ رَوَى أَحْمَدُ بْنُ حَنْبَلٍ، وَعَلِيُّ بْنُ الْمَدِينِيِّ، وَإِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ، عَنْ عَبْدِ الرَّزَّاقِ، عَنْ يُونُسَ بْنِ سُلَيْمٍ، عَنْ يُونُسَ بْنِ يَزِيدَ، عَنِ الزُّهْرِيِّ، هَذَا الْحَدِيثُ . قَالَ أَبُو عِيسَى وَمَنْ سَمِعَ مِنْ عَبْدِ الرَّزَّاقِ، قَدِيمًا فَإِنَّهُمْ إِنَّمَا يَذْكُرُونَ فِيهِ عَنْ يُونُسَ بْنِ يَزِيدَ وَبَعْضُهُمْ لَا يَذْكُرُ فِيهِ عَنْ يُونُسَ بْنِ يَزِيدَ وَمَنْ ذَكَرَ فِيهِ يُونُسَ بْنَ يَزِيدَ فَهُوَ أَصَحُّ وَكَانَ عَبْدُ الرَّزَّاقِ رُبَّمَا ذَكَرَ فِي هَذَا الْحَدِيثِ يُونُسَ بْنَ يَزِيدَ وَرُبَّمَا لَمْ يَذْكُرْهُ وَإِذَا لَمْ يَذْكُرْ فِيهِ يُونُسَ فَهُوَ مُرْسَلٌ .

৩১৭৩. ইয়াহইয়া ইবন মূসা ও আবদ ইবন হুমায়দ প্রমুখ (রহঃ) উমর ইবন খাত্তাব রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর উপর যখন ওহী নাযিল হত তখন আমরা তাঁর মুখের কাছে মৌমাছির আওয়াজের মত গুনগুন শব্দ শুনা যেত। একদিন তাঁর উপর ওহী নাযিল হল। আমরা কিছুক্ষণ অপেক্ষা করলাম। তাঁর থেকে ওহী নাযিল হওয়ার অবস্থা অপসৃত হলে তিনি কিবলার দিকে ফিরলেন এবং দুই হাত তুলে বললেনঃ ইয়া আল্লাহ! আমাদের জন্য বর্ধিত কর এবং আমাদের জন্য কম করো না; আমাদের সম্মানিত কর, আমাদের হেয় করো না; আমাদের দান কর, আমাদের বঞ্চিত করো না; আমাদের প্রাধান্য দাও, আমাদের উপর কাউকে প্রাধান্য দিও না; আমাদের সম্ভৃতি দান কর আর তুমিও আমাদের উপর সম্ভৃতি থাক। এরপর তিনি বললেনঃ আমার উপর দশটি আয়াত নাযিল হয়েছে। যে এগুলো প্রতিষ্ঠা করবে সে জান্নাতে দাখিল হবে। তারপর তিনি পাঠ করলেনঃ (قَدْ أَفْلَحَ الْمُؤْمِنُونَ) এভাবে ক্রমান্বয়ে দশ আয়াত শেষ করলেন।

যঈফ, মিশকাত, তাহকিক ছানী ২৪৯৪, তিরমিজী হাদিস নম্বরঃ ৩১৭৩ [আল মাদানী প্রকাশনী]

মহাম্মাদ ইবন আবান (রহঃ) ... যুহরী থেকে এ সনদে উক্ত মর্মে অনুরূপ বর্ণনা করেছেন।

এটি প্রথমোক্ত রিওয়ায়তটির তুলনায় অধিক সহীহ। ইসহাক ইবন মানসূর (রহঃ)-কে বলতে শুনেছি, আহমদ ইবন হাম্বল, আলী ইবনুল মাদীনী এবং ইসহাক ইবন ইবরাহীম (রহঃ) এ হাদীসটি আবদুর রায়যাক-ইউনুস ইবন সুলায়ম-ইউনুস ইবন ইয়াযীদ-যুহরী (রহঃ) সূত্রে বর্ণনা করেছেন। আবদুর রায়যাক (রহঃ) থেকে যারা পূর্বে এই হাদীসটি শুনেছেন তাঁরা এর সনদে ইউনুস ইবন ইয়াযীদ (রহঃ)-এর উল্লেখ করেছেন।

কেউ কেউ এতে ইউনুস ইবন ইয়াযীদ (রহঃ)-এর উল্লেখ করেননি। যারা ইউনুস ইবন ইয়াযীদ (রহঃ) এর উল্লেখ করেছেন, তাঁদের রিওয়ায়াতই অধিক সহীহ। আবদুর রায়যাক (রহঃ) কোন কোন সময় ইউনুস ইবন ইয়াযীদ (রহঃ) এর উল্লেখ করেছেন আবার কোন কোন সময় তাঁর উল্লেখ করেননি।

English

Narrated 'Umar bin Al-Khattab [may Allah be pleased with him]:

"When revelation came to the Messenger of Allah (ﷺ), one could hear what sounded like the drone of bees before his face. One day revelation was coming to him, he faced the Qiblah, raised his hands and said: 'O Allah! Increase us, do not diminish us. Favor us, do not withhold from us, make us pleased and be pleased with us.' He (ﷺ) said: 'Ten Ayah were revealed to me, whoever abides by them shall enter Paradise (and they are): 'Successful indeed are the believers...' until the completion of then Ayat (23:1-10)."

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ উমর ইবনুল খাত্তাব (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=38525>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন